

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ।
ফোন: ০২ ৫৮৮৮ ৯২৫৮৪
ই-মেইল: dphe.chapainawabganj@gmail.com

তালিকাভুক্তির ডকুমেন্ট

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্পের আওতায় “ইমপ্রভড হাউজহোল্ড টয়লেট” নিমার্ণের লক্ষ্যে পৌরসভাভিত্তিক স্থানীয় উদ্যোক্তা/ব্যবসা প্রতিষ্ঠান তালিকাভুক্তকরণ।

তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

স্মারক নং- ৪৬.০৩.০০০০.০৬১.১৪.১৪৫.১৭-০৪৮

জারির তারিখঃ ০১-০২-২০২৩ খ্রিঃ

সূচীপত্র

ক্রঃ নং	বিষয়/বিবরণ	পৃষ্ঠা নং
১	তালিকাভুক্তির বিজ্ঞপ্তি	৩
২	অঙ্গীকারনামা	৫
৩	তালিকাভুক্তির আবেদনের ছক/ফরম	৬
৪	টার্মস অফ রেফারেন্স/কাজের শর্তাবলী	৯
৫	চুক্তিপত্রের নমুনা	১২



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ
ফোনঃ ০২ ৫৮৮৮ ৯২৫৮৪
ইমেইলঃ dphe.chapainawabganj@gmail.com



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

স্মারক নং: ৪৬.০৩.৭০০০.০৬১.১৪.১৪৫.১৭-০৪৮

তারিখঃ ০১-০২-২০২৩ খ্রিঃ

১।	মন্ত্রনালয়/বিভাগ	ঃ	স্থানীয় সরকার, পলী-উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ
২।	বাস্তবায়নকারী সংস্থা	ঃ	জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩।	প্রকল্পের নাম	ঃ	বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্প
৪।	ক্রয়কারী/ তালিকাভুক্তি আহ্বানকারী	ঃ	নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা।
৫।	ক্রয়কারী/ তালিকাভুক্তি আহ্বানকারীর জেলা	ঃ	চাঁপাইনবাবগঞ্জ জেলা।
৬।	কাজের নাম	ঃ	প্রকল্প কর্তৃক নির্ধারিত ও নির্বাচিত ড্রইং-ডিজাইন এর আলোকে পূর্বনির্ধারিত অনুমোদিত প্রাক্কলিত মূল্যে “ইমপ্রভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণ।
৭।	কাজের এলাকা	ঃ	নাচোল পৌরসভা, চাঁপাইনবাবগঞ্জ জেলা।
৮।	তালিকাভুক্তির ধরণ	ঃ	“ইমপ্রভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণের জন্য পৌরসভা ভিত্তিক স্থানীয় উদ্যোক্তা/ব্যবসা প্রতিষ্ঠান তালিকাভুক্তিকরণ।

তহবিল সংক্রান্ত :

৯।	বাজেট ও তহবিলের উৎস	ঃ	উন্নয়ন বাজেট (প্রকল্প সাহায্য-আরপিএ)
১০।	উন্নয়ন সহযোগী সংস্থা	ঃ	• International Development Association/World Bank (IDA Credit No. 6437-BD) I • Asian Infrastructure Investment Bank (AIIB Loan No. 0068-A)

বিশেষ তথ্যাবলী :

১১।	আবেদনপত্র দাখিলের শেষ তারিখ ও সময়	ঃ	বিকাল ০৪.০০ ঘটিকা, ০২ মার্চ, ২০২৩ খ্রিঃ
১২।	আবেদনপত্র প্রাপ্তি স্থান	ঃ	১। নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর। ২। উপ-সহকারী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, নাচোল উপজেলা, চাঁপাইনবাবগঞ্জ।
	আবেদনপত্র দাখিলের স্থান	ঃ	নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা।
১৩।	প্রাক আবেদন সভার স্থান, তারিখ ও সময়	ঃ	স্থান : নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ। তারিখ : ১৫ ফেব্রুয়ারি, ২০২৩ খ্রিঃ। সময় : দুপুর ১২.০০ ঘটিকা।

আবেদনকারীর তথ্য :

১৪।	আবেদনকারীর যোগ্যতা	:	১. স্যানিটারি / হাউজহোল্ড টয়লেট নির্মাণ / স্থাপন ব্যবসায় কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। ২. আবেদনকারীর মূল/অন্যতম পেশা/ব্যবসা স্যানিটেশন সম্পর্কিত হতে হবে। ৩. সংশ্লিষ্ট জেলা/পৌরসভা/উপজেলায় নিজস্ব উৎপাদন কেন্দ্র থাকতে হবে। ৪. আবেদনকারীর হালনাগাদ ট্রেড লাইসেন্স (ব্যবসা করার অনুমোদন) থাকতে হবে। ৫. আবেদন দাখিলের তারিখে আবেদনকারীর ন্যূনতম ০৫ (পাঁচ) লক্ষ টাকার লিকুইড এসেট থাকতে হবে। ৬. আয়কর ও ভ্যাট নিবন্ধনের সার্টিফিকেট থাকতে হবে।
-----	--------------------	---	---

ক্রয়কারী/তালিকাভুক্তি আহ্বানকারীর তথ্যাদি :

১৫।	আবেদনপত্র আহ্বানকারী কর্মকর্তার নাম ও পদবী	:	অমিত কুমার সরকার, নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ।
	ঠিকানা, টেলিফোন ও ই-মেইল	:	নির্বাহী প্রকৌশলীর কার্যালয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ। ফোন : ০২ ৫৮৮৮ ৯২৫৮৪ ই-মেইল : dphe.chapainawabganj@gmail.com

*কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে আবেদনপত্র গ্রহণ বা বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

Amit Sanka
01-02-2023

(অমিত কুমার সরকার)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ।

অঙ্গীকারনামা

তারিখ :

বরাবর

নির্বাহী প্রকৌশলী

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ ।

জনাব,

আমি/আমরা এই মর্মে ঘোষণা করছি যে, আপনার সাথে নাচোল পৌরসভায় “ইমপ্রুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণের জন্য এই চুক্তি স্বাক্ষরে আমার/আমাদের যথাযথ যোগ্যতা আছে এবং কোন প্রকার দুর্নীতি, প্রতারণা, সংঘবদ্ধমূলক অপরাধ বা দমনমূলক কার্যাবলীর জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কোন দপ্তর/সংস্থা কর্তৃক কোন অভিযোগে অভিযুক্ত হয়ে অযোগ্য বলে বিবেচিত হয়নি এবং এই তালিকাভুক্তির জন্য আমি/আমরা স্বনামে বা বেনামে একাধিক আবেদন করিনি ।

আমি/আমরা আরো জানাচ্ছি যে, আপনার সরবরাহকৃত সকল প্রকার তথ্যাদি ও কাগজপত্রাদি সম্পূর্ণরূপে পাঠপূর্বক অবগত হয়েছি এবং কোন প্রকার দ্বিমত পোষণ করছি না ।

আমি/আমরা এই মর্মে আরো প্রত্যয়ন করছি যে, আমার/আমাদের প্রদানকৃত সকল তথ্য সত্য ও সঠিক ।

আমি/আমরা অবগত হয়েছি যে, যদি প্রদানকৃত কোন বিবরণ বা বিবৃতি ভুল এবং অসত্য প্রমানিত হয় তাহলে এরূপ কাজের জন্য যাবতীয় দায়-দায়িত্ব আমার/আমাদের উপর সম্পূর্ণরূপে বর্তাবে । তাছাড়া এরূপ কাজের জন্য কর্তৃপক্ষ যে কোন সময় আমার/আমাদের তালিকাভুক্তি বাতিল করতে পারবেন ।

আমি/আমরা স্বীকার করছি যে, আপনি কোন কারণ ব্যতিরেকে এই আবেদন বা তালিকাভুক্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করেন ।

আবেদনকারীর/উদ্যোক্তা/ব্যবসায়ী/মালিকের

নমুনা স্বাক্ষর :

নাম :

সীলমোহর :



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ
ফোনঃ ০২ ৫৮৮৮ ৯২৫৮৪
ইমেইলঃ dphe.chapainawabganj@gmail.com



শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

তালিকাভুক্তির আবেদন ফর্ম

[আবেদনকারী কর্তৃক স্পষ্টাক্ষরে পূরণীয় ও স্বাক্ষরিত হতে হবে। ঘষামাজা বা কাটাকাটি গ্রহণযোগ্য নয়।]

বরাবর

নির্বাহী প্রকৌশলী

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর

চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ।

তারিখ :

বিজ্ঞপ্তির স্মারক নম্বর ও তারিখ : ৪৬.০৩.৭০০০.০৬১.১৪.১৪৫.১৭-০৪৮; তারিখ : ০১-০২-২০২৩ খ্রিঃ।

১। আবেদনকারীর তথ্য :

১.১। প্রতিষ্ঠানের নাম : _____

১.২। ব্যবসা প্রতিষ্ঠানের ধরণ (সঠিক স্থানে ✓ চিহ্ন দিন)

ব্যক্তি/একক মালিকানা অংশীদারি কারবার যৌথমূলধনী(কোম্পানী) ব্যবসা

১.৩। ব্যবসা প্রতিষ্ঠানের সাল : _____

১.৪। যোগাযোগের ঠিকানা :

গ্রাম : _____ ডাকঘর : _____

উপজেলা : _____ জেলা : _____

পোস্ট কোড : _____ টেলিফোন/মোবাইল নম্বর : _____

১.৫। নবায়নকৃত ট্রেড লাইসেন্স নম্বর (মেয়াদ উত্তীর্ণের তারিখসহ) : _____

১.৬। ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর : _____

১.৭। কর সনাক্তকরণ নম্বর (টিআইএন) : _____

১.৮। ব্যবসা প্রতিষ্ঠানের মালিক/প্রধান নির্বাহী কর্তৃকর্তার ব্যক্তিগত তথ্যাদি :

নাম : _____

লিঙ্গ (✓ চিহ্ন দিন) : পুরুষ মহিলা বয়স : _____

পিতা/স্বামীর নাম : _____

মাতার নাম : _____

শিক্ষাগত যোগ্যতা : _____

জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদ নম্বর : _____

১.৯। ব্যাংক হিসাব সম্পর্কিত তথ্যাদি :

হিসাবধারীর নাম : _____

হিসাব নম্বর : _____

হিসাবের ধরণ (সঠিক স্থানে \sqrt চিহ্ন দিন) : চলতি সঞ্চয়ী হিসাব

ব্যাংকের নাম : _____

শাখার নাম : _____

২। আবেদনকারীর অন্যান্য তথ্যাদি :

২.১। নিয়োজিত জনবলের সংখ্যা :

রাজ মিস্ত্রী/ম্যাশন : _____ জন; জোগাড়ে/সহকারী : _____ জন; অন্যান্য : _____ জন

২.২। নির্মাণ উপকরণ/সামগ্রী (টুলস্/প্লান্টস্) এর বিবরণ (যদি থাকে) :

প্রধান প্রধান টুলস্/প্লান্টস্ এর নাম	সংখ্যা	বর্তমান অবস্থা
১) _____	_____ টি	_____
২) _____	_____ টি	_____
৩) _____	_____ টি	_____
৪) _____	_____ টি	_____
৫) _____	_____ টি	_____

২.৩। ব্যবসার পুঁজির পরিমাণ :

বিবরণ	মূল্য (টাকায়)
১) বিদ্যমান মালামালের মূল্য :	_____
২) নগদ অর্থের পরিমাণ :	_____
৩) ব্যাংকে জমার পরিমাণ :	_____
৪) অন্যান্য :	_____

মোট : _____

৩। প্রয়োজনীয় যোগ্যতা :

৩.১। আবেদনকারীর স্যানিটারি টয়লেট নির্মাণ/স্থাপন ব্যবসায় অভিজ্ঞতা : _____ বছর

৩.২। আবেদনকারীর মূল/অন্যতম পেশা (\sqrt চিহ্ন দিন) : কৃষি স্যানিটেশন ব্যবসা চাকুরী অন্যান্য

৩.৩। আবেদনকারীর সংশ্লিষ্ট জেলায়/ উপজেলায়/পৌরসভায় নিজস্ব উৎপাদন কেন্দ্র আছে কিনা? হ্যাঁ না

৩.৪। আবেদনকারীর ট্রেড লাইসেন্স আছে কিনা? (সঠিক স্থানে \sqrt চিহ্ন দিন) : হ্যাঁ না

* যোগ্যতা, অভিজ্ঞতার ও প্রযোজ্য ক্ষেত্রে উপস্থাপিত তথ্যাদির সমর্থনে উপযুক্ত প্রমাণাদি দাখিল করতে হবে।

আবেদনকারী ব্যবসায়ী/উদ্যোক্তা/মালিকের নমুনা স্বাক্ষর :

নাম :

সীলমোহর :

আবেদন পত্রের সাথে যে সকল কাগজপত্র সংযুক্ত করতে হবে :

- উদ্যোক্তার ৩ কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি ।
- স্যানিটারি/হাউজহোল্ড টয়লেট নির্মাণ/স্থাপন ব্যবসার অভিজ্ঞতার সনদ [কমপক্ষে ০৩ (তিন) বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে]
- সরকারী/বেসরকারী/স্বায়ত্বশাসিত/প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত অভিজ্ঞতার সনদ ।
- আবেদনকারীর / প্রতিষ্ঠানের নামে ন্যূনতম ০৫ (পাঁচ) লক্ষ টাকার লিকুইড এসেট এর প্রমানক হিসেবে ব্যাংক স্টেটমেন্ট । (কমপক্ষে ১৫ দিন ০৫ (পাঁচ) লক্ষ টাকা স্থিতি হিসেবে বিদ্যমান হতে হবে ।)
- আবেদনকারীর মূল/অন্যতম পেশা স্যানিটারি টয়লেট নির্মাণ/স্থাপন ব্যবসার প্রমাণক স্বরূপ সংশ্লিষ্ট পৌরসভা/ ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন পত্র ।
- ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি ।
- টিআইএন/আয়কর সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি ।
- ভ্যাট রেজিস্ট্রেশন সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি ।
- ছবিসহ উৎপাদন কেন্দ্রের ঠিকানা ।
- মালিক/উদ্যোক্তার জাতীয়তা/চারিত্রিক সনদপত্র ।

Amit Sanka
01-02-2023
(অমিত কুমার সরকার)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ ।

Terms of Reference (TOR)/কাজের শর্তাবলী

কাজের নাম :

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ এর আওতাধীন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাবলী বিশ্বব্যাংক ও এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক এর যৌথ আর্থিক সহায়তাপুঙ্ট “বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত ৩০টি পৌরসভায় “ইমপ্রুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণের লক্ষ্যে স্যানিটারি টয়লেট নির্মাণ/স্থাপন কাজে নিয়োজিত স্থানীয় উদ্যোক্তা/ব্যবসা প্রতিষ্ঠানকে পৌরসভাভিত্তিক তালিকাভুক্তকরণ।

প্রতিষ্ঠানের ধরণ :

জেলা/ উপজেলা/পৌরসভা পর্যায়ে স্যানিটারি টয়লেট নির্মাণ ও স্থাপন কাজে নিয়োজিত স্থানীয় উদ্যোক্তা/ব্যবসা প্রতিষ্ঠান।

১। ভূমিকা :

বিশ্বব্যাংক ও এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক এর যৌথ ঋণ সহায়তায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাবলী “বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম জুলাই/২০১৯ হতে আরম্ভ হয়েছে। প্রকল্পের বাস্তবায়ন মেয়াদ হলো জুলাই/১৯-ডিসেম্বর/২৩ পর্যন্ত ৪ বছর ৬ মাস। প্রকল্পের অনুমোদিত ডিপিপি সংস্থান অনুযায়ী দেশের ১৯টি জেলার আওতায় প্রকল্পভুক্ত ৩০টি পৌরসভায় স্থানীয় স্যানিটারি টয়লেট উদ্যোক্তা/ব্যবসা প্রতিষ্ঠান তালিকাভুক্তির মাধ্যমে নির্ধারিত ড্রইং-ডিজাইনের আলোকে অনুমোদিত প্রাক্কলিত মূল্যে “ইমপ্রুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণ করা হবে। পৌরসভার জনগোষ্ঠীকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে স্থায়ী/টেকসই স্যানিটেশন ব্যবস্থার বিদ্যমান পরিস্থিতির উন্নয়নে তথা স্বাস্থ্যসম্মত টয়লেট ব্যবহারের হার/কভারেজ বৃদ্ধির লক্ষ্যে কমিউনিটি পর্যায়ে উন্নত ল্যাট্রিনের চাহিদা সৃষ্টিতে যে সকল কার্যক্রম বাস্তবায়ন করা হবে তার মধ্যে নিম্নোক্ত কার্যক্রমসমূহ উল্লেখযোগ্য :

- স্থানীয় উপভোগকারীদের সম্পৃক্ত করে দরিদ্র জনগোষ্ঠীর জন্য মানসম্মত টয়লেট স্থাপন করতে হবে।
- জনগোষ্ঠীর স্বাস্থ্যভ্যাস অনুশীলন কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।
- স্যানিটারি টয়লেট (হাত ধোয়ার ডিভাইসসহ) উৎপাদন বিষয়ে ব্যবসায়ীদের দক্ষতা উন্নয়নের লক্ষ্যে প্রয়োজনীয় প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ।
- প্রকল্প কর্তৃক অনুমোদিত ড্রইং-ডিজাইন অনুসরণপূর্বক যথাযথভাবে মানসম্মত টয়লেট স্থাপন।
- প্রকল্প কার্যালয় কর্তৃক নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক সুপারিশকৃত ও পৌরসভা কর্তৃক অনুমোদিত হাউজহোল্ড এর অনুকূলে টয়লেট স্থাপন করতে হবে। ও
- প্রকল্প কর্তৃক নিয়োজিত পরামর্শক প্রতিষ্ঠান প্রদত্ত গাইড লাইন অনুসরণপূর্বক মানসম্মত টয়লেট স্থাপন।

২। স্থানীয় স্যানিটারি টয়লেট উদ্যোক্তা/ব্যবসায়ির দায়-দায়িত্ব :

স্থানীয় উপকারভোগীদের সম্পৃক্ত করে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক পৌরসভার প্রতিটি ওয়ার্ডের চাহিদা মাফিক প্রণীত অগ্রাধিকার তালিকা অনুযায়ী দরিদ্র পরিবারের জন্য প্রকল্প কর্তৃক অনুমোদিত ড্রইং-ডিজাইন যথাযথভাবে অনুসরণপূর্বক অনুমোদিত প্রাক্কলিত মূল্যে অভিজ্ঞ ও প্রশিক্ষণ প্রাপ্ত স্যানিটেশন ব্যবসায়ীর মাধ্যমে প্রস্তাবিত টয়লেট স্থাপন করা হবে।

৩। প্রকল্প এলাকা :

“বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্পভুক্ত ৩০টি পৌরসভা।

৪। সুনির্দিষ্ট উদ্দেশ্য :

প্রকল্প কর্তৃক অনুমোদিত ড্রইং-ডিজাইন অনুযায়ী প্রকল্পভুক্ত পৌরসভা এলাকায় বসবাসরত দরিদ্র জনগোষ্ঠীর জন্য পরিবার ভিত্তিক “ইমপ্রুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণ করা এবং স্থানীয় স্যানিটেশন উদ্যোক্তা/ব্যবসায়ীদের সক্ষমতা উন্নয়নের মাধ্যমে স্যানিটেশন ব্যবসার সম্প্রসারণ।

৫। কাজের পরিধি/আওতা :

- ক) বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন প্রকল্পের অধীনে তালিকাভুক্ত স্থানীয় স্যানিটেশন উদ্যোক্তা/ব্যবসায়ী প্রকল্পের অনুমোদিত ড্রইং-ডিজাইন অনুযায়ী প্রাক্কলিত মূল্যে “ইমপ্রভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণ ও স্থাপন করবে।
- খ) প্রকল্পের নীতিমালা অনুযায়ী অনুমোদিত স্থানে টয়লেট স্থাপন নিশ্চিত করবে।
- গ) প্রকল্পের অনুমোদিত ড্রইং-ডিজাইন অনুযায়ী টয়লেট সামগ্রীর উৎপাদন, স্থাপন ও এ উদ্দেশ্যে তালিকাভুক্ত স্থানীয় স্যানিটেশন ব্যবসায়ীদের জন্য আয়োজিত আবাসিক প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করবে।
- ঘ) শুধুমাত্র অগ্রাধিকার তালিকাভুক্ত হতে চূড়ান্ত তালিকা অনুযায়ী প্রতিটি পৌরসভায় প্রায় ৩০০টি ল্যাট্রিন স্থাপন করতে পারবে।
- ঙ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কার্যালয় হতে ইস্যুকৃত কার্যাদেশ অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে গুণগতমান বজায় সাপেক্ষে টয়লেট স্থাপন করতে হবে।
- চ) প্রকল্পের কর্তৃক নিয়োজিত স্যানিটেশন সাপোর্ট কনসালটেন্সি ফার্ম কর্তৃক নির্বাচিত হাউজহোল্ড এর অনুকূলে টয়লেট স্থাপন করতে হবে।
- ছ) প্রকল্পের কর্তৃক নিয়োজিত স্যানিটেশন সাপোর্ট কনসালটেন্সি ফার্ম কর্তৃক প্রদত্ত গাইড লাইন অনুসরণপূর্বক মানসম্মত টয়লেট স্থাপন।
- জ) সংশ্লিষ্ট সহযোগী সংস্থা উদ্বুদ্ধকরণমূলক কাজে সহযোগিতা প্রদান করবে। ও
- ঝ) প্রশিক্ষণ প্রাপ্ত স্থানীয় স্যানিটেশন ব্যবসায়ী প্রশিক্ষণ হতে লব্ধ জ্ঞান ও দক্ষতাকে কাজে লাগিয়ে তাদের ব্যবসার প্রসার বাড়ানোর মানসিকতা থাকতে হবে।

৬. চুক্তির মেয়াদ :

ডিসেম্বর ২০২৩ অথবা প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত (যেটি পরে আসে)।

৭. তালিকাভুক্ত হওয়ার ক্ষেত্রে স্থানীয় স্যানিটেশন ব্যবসায়ী প্রতিষ্ঠানের যোগ্যতাসমূহ :

একজন স্থানীয় স্যানিটেশন ব্যবসায়ী প্রতিষ্ঠানকে প্রস্তাবিত কাজের জন্য প্রকল্পের অধীনে তালিকাভুক্ত হওয়ার ক্ষেত্রে নিম্নলিখিত যোগ্যতা সম্পন্ন হতে হবে এবং তালিকাভুক্ত হওয়ার আবেদন পত্রের সাথে যোগ্যতা যাচাইয়ের সুবিধার্থে নিম্নোল্লিখিত কাগজ-পত্রাদি সংযুক্ত করতে হবে।

- ক) স্যানিটেশন ব্যবসায়ী হিসেবে কমপক্ষে ৩ (তিন) বছরের অভিজ্ঞতা থাকতে হবে।
- খ) সংশ্লিষ্ট জেলা/পৌরসভা/উপজেলায় নিজস্ব উৎপাদন কেন্দ্র থাকতে হবে।
- গ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/উপজেলা পরিষদ/জেলা পরিষদ/পৌরসভা কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত ও হালনাগাদকৃত বৈধ ট্রেড লাইসেন্স থাকতে হবে।
- ঘ) আবেদনকারীর মূল/অন্যতম পেশা/ব্যবসা স্যানিটেশন সম্পর্কিত হতে হবে।
- ঙ) ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর ও কর সনাক্তকরণ নম্বর (টিআইএন) থাকতে হবে।

৮. বিল ও আর্থিক লেনদেন প্রক্রিয়া :

কার্যাদেশ প্রদানকৃত “ইমপ্রভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণ শেষে সর্বজনস্বীকৃত গতানুগতিক ও প্রচলিত পদ্ধতিতে বিল পরিশোধের নিয়মাবলী অনুসরণপূর্বক দাবিকৃত অর্থ পরিশোধ করা হবে। তথাপি বিল প্রক্রিয়াকরণ ও অর্থ পরিশোধ সংক্রান্ত কিছু গুরুত্বপূর্ণ তথ্যাদি নিম্নে ক্রমানুসারে উল্লেখ করা হলো:

- ১) টয়লেট নির্মাণ শেষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিল প্রস্তুত করবে;
- ২) প্রস্তুতকৃত বিলের সাথে চুক্তির কপি সংযুক্ত করতে হবে (শুধুমাত্র প্রথম বিলের ক্ষেত্রে);
- ৩) প্রস্তুতকৃত বিলে প্রকল্প সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সুপারিশ থাকতে হবে;
- ৪) প্রস্তুতকৃত বিলের সাথে কার্য সমাপ্তির প্রত্যয়ন থাকতে হবে যাতে সংশ্লিষ্ট হাউজহোল্ডের প্রাপ্তি স্বীকার ও প্রকল্প সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সুপারিশ থাকতে হবে;

- ৫) উপরোক্ত বিল প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ পরিশোধের জন্য প্রকল্প পরিচালকের কার্যালয়ে প্রেরণ করতে হবে।
- ৬) প্রাপ্ত বিল যাচাই-বাছাই শেষে প্রকল্প পরিচালক পরিশোধের জন্য অনুমোদন করবেন।
- ৭) প্রকল্প পরিচালকের কার্যালয় হতে প্রযোজ্য স্থানীয় আয়কর ও ভ্যাট কর্তনের পর অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট স্যানিটেশন ব্যবসায়ীকে তার চুক্তিতে উল্লিখিত/প্রদত্ত ব্যাংক হিসাবে সরাসরি পরিশোধ করা হবে; ও
- ৮) বিল প্রক্রিয়াকরণ ও পরিশোধের ক্ষেত্রে অন্যান্য প্রযোজ্য আনুষঙ্গিক পদ্ধতি প্রয়োজনবোধে অনুসরণ করা হবে।

৯. প্রস্তাবনা :

আগ্রহী স্থানীয় স্যানিটেশন উদ্যোক্তা/ব্যবসায়ীদের সংশ্লিষ্ট স্থানীয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাঠ পর্যায়ের জেলা ও উপজেলা কার্যালয় হতে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করতে হবে এবং যথাযথভাবে সংগৃহীত আবেদন ফরম পূরণপূর্বক চাহিত কাগজ-পত্রাদিসহ সংশ্লিষ্ট জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে জমা দিতে হবে।

১০. তালিকাভুক্তির জন্য নির্বাচন প্রক্রিয়া :

দাখিলকৃত আবেদনে উল্লিখিত তথ্যাদি ও সংযুক্ত প্রমাণাদির আলোকে পূর্বনির্ধারিত শর্তাবলীর আলোকে প্রস্তাব মূল্যায়ন কমিটি তালিকাভুক্তির জন্য যোগ্য ও উপযুক্ত প্রতিষ্ঠানের অনুকূলে সুপারিশ প্রণয়ন করবেন। প্রস্তাব মূল্যায়ন কমিটির সুপারিশের আলোকে প্রকল্প পরিচালক তালিকাভুক্তির চূড়ান্ত অনুমোদন প্রদান করবেন। এক্ষেত্রে দরপত্র আহ্বানকারী দাখিলকৃত যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। প্রতিটি পৌরসভার জন্য ৫-১০টি প্রতিষ্ঠানকে তালিকাভুক্ত করা হবে।

Amit Sankar
01-02-2023
(অমিত কুমার সরকার)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা, চাঁপাইনবাবগঞ্জ।

“বাংলাদেশে ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্পের আওতায় “ইমপ্লুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণের লক্ষ্যে তালিকাভুক্ত স্থানীয় স্যানিটারি ব্যবসায়ী ও জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মধ্যে চুক্তি।

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন বিশ্বব্যাংক ও এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক এর যৌথ আর্থিক সহায়তাপুষ্ট “বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন” শীর্ষক প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত পৌরসভায় “ইমপ্লুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণের লক্ষ্যে অদ্য ২৮/১০/২০২১ খ্রিঃ তারিখে নিম্নোক্ত পক্ষদ্বয়ের মধ্যে এই চুক্তি সম্পাদিত হলো।

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা এই চুক্তির জন্য ১ম পক্ষ হিসাবে অভিহিত হবেন ---- (১ম পক্ষ)

চাঁপাইনবাবগঞ্জ এই চুক্তির জন্য ২য় পক্ষ হিসাবে অভিহিত হবেন ---- (২য় পক্ষ)

০১। চুক্তির ভিত্তিঃ

স্থানীয় স্যানিটারি উদ্যোক্তা/ব্যবসা প্রতিষ্ঠান তালিকাভুক্তকরণের মাধ্যমে “বাংলাদেশের ৩০টি পৌরসভায় পানি সরবরাহ ও স্যানিটেশন” প্রকল্পের আওতায় প্রকল্পভুক্ত পৌরসভায় “ইমপ্লুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণের লক্ষ্যে নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, চাঁপাইনবাবগঞ্জ জেলা কর্তৃক তালিকাভুক্তির জন্য আহ্বানকৃত বিজ্ঞপ্তি ও উহাতে উল্লিখিত তথ্যাদি ও কাগজ-পত্রাদি উক্ত চুক্তির ভিত্তি হিসাবে পরিগণিত হবে। উভয় পক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত তথ্যাদির সাথে একমত পোষণপূর্বক সম্মত হয়েছেন। ফলে নিম্নোল্লিখিত দলিলাদি উক্ত চুক্তির অবিচ্ছেদ্য অংশ হিসাবে বিবেচিত হবে;

- ক) পূরণকৃত ও দাখিলকৃত তালিকাভুক্তির আবেদন ফরম/ছক;
- খ) Terms of Reference (TOR) / কাজের শর্তাবলী;
- গ) অঙ্গীকারনামা;
- ঘ) প্রকল্প কর্তৃক নির্ধারিত ও নির্বাচিত টয়লেট এর ড্রইং-ডিজাইন।

২। চুক্তির মেয়াদঃ

ডিসেম্বর ৩১, ২০২৩ অথবা প্রকল্প চলাকালীন সময় পর্যন্ত।

৩। ১ম পক্ষের দায়-দায়িত্বঃ

- ক) চুক্তি অনুযায়ী ২য় পক্ষ যাতে তার দায়-দায়িত্ব যথাযথভাবে পালন করতে পারে সেই উদ্দেশ্যে ১ম পক্ষ ২য় পক্ষকে নির্দেশিকা/গাইডলাইন সরবরাহ করবে।
- খ) চুক্তি অনুযায়ী ২য় পক্ষ যাতে তার দায়-দায়িত্ব যথাযথভাবে পালন করতে পারে সেই উদ্দেশ্যে ১ম পক্ষ ২য় পক্ষকে প্রয়োজনীয় নির্দেশনা ও সহযোগিতা প্রদান করবে;
- গ) তালিকাভুক্ত স্যানিটারি উদ্যোক্তা/ব্যবসায়ীদের জন্য “ইমপ্লুভড হাউজহোল্ড টয়লেট” সামগ্রী প্রস্তুত, নির্মাণ, স্থাপন, বাজার প্রসার, ব্যবসা উন্নয়ন ও দক্ষতা বিষয়ক প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণের আয়োজন করবে;
- ঘ) স্যানিটারি সামগ্রীর গুণগত মান উন্নয়ন ও ব্যবসা প্রসারে চুক্তিকালীন সময়ে সহযোগিতা প্রদান করা; ও
- ঙ) নির্মাণকালীন সময়ে বাস্তবায়ন তদারকি করা।

৪। ২য় পক্ষের দায়-দায়িত্বঃ

- ক) প্রকল্প কর্তৃক আয়োজিত “ইমপ্লুভড হাউজহোল্ড টয়লেট” সামগ্রী প্রস্তুত, নির্মাণ, স্থাপন, বাজার প্রসার, ব্যবসা উন্নয়ন ও দক্ষতা বিষয়ক প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণের অংশগ্রহণ;
- খ) প্রকল্প কর্তৃক নির্বাচিত “ইমপ্লুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণের লক্ষ্যে টয়লেট সামগ্রীসহ বিভিন্ন ধরনের হ্যান্ড ওয়াশিং ডিভাইস (হাত ধোয়ার সংরক্ষণ পাত্র) উৎপাদন করবে;
- গ) স্থানীয় জনগোষ্ঠির চাহিদা সৃষ্টি, বাজার ও ব্যবসা প্রসার ও বিক্রয় বৃদ্ধিতে জনগোষ্ঠির দোর গোড়ায় স্যানিটেশন সুবিধা পৌছে দিতে নিরবিচ্ছিন্নভাবে কাজ করবে;
- ঘ) প্রকল্প কর্তৃক নির্ধারিত ও নির্বাচিত ড্রইং-ডিজাইনের আলোকে প্রাক্কলিত মূল্যে “ইমপ্লুভড হাউজহোল্ড টয়লেট” নির্মাণ করবে; ও
- ঙ) টয়লেট নির্মাণের সময়ে ১ম পক্ষ কর্তৃক প্রদত্ত গাইড লাইন/নির্দেশিকা যথাযথভাবে অনুসরণ করবে।

৫। টয়লেটের মূল্যঃ

প্রতিটি টয়লেটের প্রাক্কলিত মূল্য হলো ৫০,৫০০/- টাকা (কথায়: পঞ্চাশ হাজার পাঁচশত টাকা) মাত্র (প্রযোজ্য স্থানীয় আয়কর ও ভ্যাটসহ)

৬। মনিটরিংঃ

- ক) ২য় পক্ষ যে সকল কার্যক্রম বাস্তবায়ন করবে ১ম পক্ষ ও তার মনোনীত ব্যক্তি বা সংস্থা তা মনিটরিং করবে;
- খ) ২য় পক্ষ ১ম পক্ষের মনিটরিং দায়িত্ব পালনে সহযোগীতা প্রদান করবে এবং ২য় পক্ষ তার নিকট রক্ষিত সংশ্লিষ্ট সকল প্রকার কাগজ-পত্রাদি ১ম পক্ষের চাহিদা অনুযায়ী প্রদর্শন বা অনুলিপি প্রদান করবে;
- গ) ১ম পক্ষ বা তার মনোনীত সংস্থা কর্তৃক প্রদত্ত মনিটরিং ফিডব্যাক ২য় পক্ষ গুরুত্বের সাথে বিবেচনায় আনবে এবং প্রয়োজনানুযায়ী দ্রুত সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ করবে;

৭। টয়লেটের বিল দাবি ও মূল্য পরিশোধঃ

- ১) কার্যাদেশের বিপরীতে একটি নির্দিষ্ট সংখ্যক টয়লেট নির্মাণ শেষে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বিল প্রস্তুত করবেন;
- ২) প্রস্তুতকৃত বিলের সাথে চুক্তির কপি সংযুক্ত করতে হবে (শুধুমাত্র প্রথম বিলের ক্ষেত্রে);
- ৩) প্রস্তুতকৃত বিলে প্রকল্প সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সুপারিশ থাকতে হবে;
- ৪) প্রস্তুতকৃত বিলের সাথে কার্য সমাপ্তির প্রত্যয়ন থাকতে হবে যাতে সংশ্লিষ্ট হাউজহোল্ডের প্রাপ্তি স্বীকার ও প্রকল্প সংশ্লিষ্ট মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সুপারিশ থাকতে হবে;
- ৫) প্রাপ্ত বিল যাচাই-বাছাই শেষে প্রকল্প পরিচালক পরিশোধের জন্য অনুমোদন করবেন;
- ৬) প্রকল্প পরিচালকের কার্যালয় হতে প্রযোজ্য স্থানীয় আয়কর ও ভ্যাট কর্তনের পর অবশিষ্ট অর্থ সংশ্লিষ্ট স্যানিটেশন ব্যবসায়ীর নামে পরিচালিত ব্যাংক হিসাবে সরাসরি পরিশোধ করা হবে।

৮। অডিটঃ

প্রকল্প/উন্নয়ন সহযোগী সংস্থা স্বয়ং নিজে বা তার মনোনীত ব্যক্তি বা নিয়োগকৃত সংস্থা দ্বারা প্রয়োজনবোধে ২য় পক্ষ কর্তৃক রক্ষিত হিসাব পত্রাদি ও তথ্যাদি নিরীক্ষা করতে পারবেন। এক্ষেত্রে ২য় পক্ষ সার্বিক সহযোগীতা প্রদান বাধ্য থাকবেন।

৯। চুক্তির সাধারণ শর্তাবলীঃ

- ক) ২য় পক্ষ কোন ক্রমেই চুক্তিতে উল্লিখিত টয়লেট স্থাপন/নির্মাণ কাজে ১৮ (আঠারো) বছরের নিম্নের কোন শ্রমিক/কর্মী নিয়োগ করতে পারবেনা। যদি এমন কোন তথ্য বা অভিযোগ ১ম পক্ষের নিকট উত্থাপিত হয় বা প্রথম পক্ষ কোনভাবে জ্ঞাত হয় যে ২য় পক্ষ এই নিয়ম ভঙ্গ করেছে বা করেছে তবে তা চুক্তির শর্ত ভঙ্গের সামিল হবে;
- খ) যদি এই চুক্তির আওতাভুক্ত কোন বিষয়ে কোনরূপ অনিয়ম ধরা পড়ে বা সন্দেহের উদ্ভেদ হয়, তবে সন্দেহকারী পক্ষ যতক্ষণ না পুনরায় চুক্তির কার্যকারিতার সিদ্ধান্ত নেন, ততক্ষণ পর্যন্ত চুক্তি অনুযায়ী সন্দেহকারী পক্ষ চুক্তির কোন অংশ বা এর পুরোটা কার্যকারিতা স্থগিত করতে পারবে;
- গ) জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর এর সাথে সম্পাদিত সকল কার্যক্রমে দ্বিতীয় পক্ষ (স্থানীয় স্যানিটেশন ব্যবসায়ী/উদ্যোক্তা) বাংলাদেশ সরকারের আইন/বিধি/নীতিমালা বহির্ভূত কোন কাজ করতে পারবেনা। এ কাজের ব্যর্থতায় তাহার সাথে স্বাক্ষরিত চুক্তি বাতিল বলে গণ্য হবে।

১০। বিরোধ মিমাংসাঃ

এই চুক্তির কোন শর্ত বা অনুচ্ছেদের কোনরূপ ব্যাখ্যা ও এর বাস্তবায়ন বিষয়ে কোন বিরোধ বা অস্পষ্টতা দেখা দিলে উভয়পক্ষ আলাপ-আলোচনা ও পারস্পরিক সমঝোতার ভিত্তিতে তা নিষ্পত্তি করবে। যদি ২৮ (আটাশ) দিনের মধ্যে বিরোধ নিষ্পত্তি করা সম্ভব না হয় তাহলে চুক্তিভুক্ত যে কোন পক্ষ সালিশের মাধ্যমে বিরোধ নিষ্পত্তির আরম্ভ করার জন্য অপর পক্ষকে লিখিতভাবে অবহিত করবেন। বাংলাদেশে বিদ্যমান ২০০১ সালের সালিশি আইনের আওতায় বিরোধ নিষ্পত্তি কার্যক্রম পরিচালিত হবে। সালিশী বা মধ্যস্থতাকারী বিরোধটি মীমাংসা করার উদ্যোগ নেবেন। সালিশে মোট তিনজন মধ্যস্থতাকারী থাকবেন, যার মধ্যে একজন প্রথম পক্ষ, একজন দ্বিতীয় পক্ষ ও অপরজন উভয় পক্ষের যৌথ সম্মতিতে মনোনীত হবেন। যদি মধ্যস্থতাকারীর মধ্যে পুনরায় কোন বিরোধ দেখা দেয় তবে তারা নিরপেক্ষ কোন প্রতিষ্ঠানকে চিহ্নিত করবে। সালিশের রায় লিখিতভাবে দেয়া হবে এবং সেটি ৩ (তিন) জন মধ্যস্থতাকারী কর্তৃক স্বাক্ষরিত হবে। এই সালিশের জন্য সকল ব্যয় বিরোধপূর্ণ পক্ষ সমভাবে বহন করবে।

১১। চুক্তি বাতিলঃ

প্রকল্প কার্যক্রম বাস্তবায়নের ক্ষেত্রে প্রতারণা বা অনিয়ম হলে অথবা ২য় পক্ষ তার কাজে বর্ণিত শর্ত বা শর্তসমূহ ভঙ্গ করলে, ১ম পক্ষ ২য় পক্ষের সাথে সম্পাদিত চুক্তি যে কোন সময় বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে। চুক্তির পক্ষদ্বয় চুক্তি বাতিল সংক্রান্ত একটি চিঠি বা নোটিশ আদান-প্রদানের মাধ্যমে পারস্পরিক সম্মতিতে ও এই চুক্তি বাতিল করতে পারবে। এক্ষেত্রে এক পক্ষ অন্য পক্ষকে ১ (এক) মাসের নোটিশ প্রদান করবে। এক পক্ষ কর্তৃক জারিকৃত এরূপ চিঠি বা নোটিশ অপর পক্ষ কর্তৃক গৃহীত হওয়ার এক মাসের মধ্যে তা কার্যকর হবে।

এতদ্বারা, স্বেচ্ছায়, স্বজ্ঞানে অত্র চুক্তির শর্ত পাঠ করিয়া মর্ম অবগত হয়ে নিম্নোলিখিত স্বাক্ষীগণের সম্মুখে উভয় পক্ষ চুক্তিতে স্বাক্ষর প্রদান করলাম।

প্রথম পক্ষ

দ্বিতীয় পক্ষ

(অমিত কুমার সরকার)

নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
চাঁপাইনবাবগঞ্জ জেলা।

সাক্ষীঃ ক্রয়কারীর পক্ষে

সাক্ষীঃ ঠিকাদারের পক্ষে